

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৭৩  
আগরতলা, ৩১ অক্টোবর, ২০২৩

রাজ্যে রাষ্ট্রীয় একতা দিবস উদযাপনের জন্য ত্রিপুরাবাসীকে রাজ্যপালের অভিনন্দন  
রাজ্যে রাষ্ট্রীয় একতা দিবস উদযাপনের জন্য রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাম্বু  
ত্রিপুরাবাসীকে অভিনন্দন জানিয়েছেন। এক প্রেস নোটে রাজ্যপাল বলেন, আজকে ত্রিপুরা  
সহ সমস্ত দেশবাসী জাতীয় হি঱ে সর্দার বল্লভ ভাই প্যাটেলকে শ্রদ্ধা জানিয়েছে। কেননা ‘তিনি  
এক ভারত, শ্রেষ্ঠ ভারত’ গঠনের জন্য তার পুরো জীবন উৎসর্গ করেছেন। রাজ্যপাল বলেন,  
সর্দার প্যাটেল শুধুমাত্র একজন ঐতিহাসিক ব্যক্তিত্বই ছিলেন না, তিনি দেশবাসীর হৃদয়ে  
স্থান করে নিয়েছিলেন। আজকের দিনে যারা দেশের সর্বত্র একতার বাণী ছড়িয়ে দিচ্ছেন তাঁরা  
হলেন ভারতের ঐক্যের প্রতীক। এই ভাবনা আমরা দেখতে পাচ্ছি স্ট্যাচু অব ইউনিটি সহ  
দেশের সর্বত্র আয়োজিত একতা দৌড়ের মাধ্যমে।

রাজ্যপাল বলেন, ভারতবর্ষ শুধু এক ভৌগোলিক এলাকাই নয়, ভারত হচ্ছে বিভিন্ন  
ধারণা, মতবাদ, সংস্কৃতি ও সভ্যতার মিলনক্ষেত্র। যুগ যুগ ধরে ভারতে যে গণতান্ত্রিক সমাজ  
ব্যবস্থা গড়ে উঠেছে সে থেকেই ‘ওয়ান ইন্ডিয়া’ ভাবনা আরও মজবুত হয়েছে। সর্দার প্যাটেল  
সর্বদাই চেয়েছিলেন এরকম একটি উন্নত ও গণতান্ত্রিক সমাজ। আমরা যদি ঐক্যবন্ধ থাকি  
একমাত্র তবেই আমরা সেই উদ্দেশ্য পূরণ করতে পারবো। তাঁর অনুপ্রেরণায় ভারত এখন  
বিভিন্ন ক্ষেত্রে সংকট মোকাবিলা করতে সক্ষম।

রাজ্যপাল আরও বলেন, আমাদের সর্দার প্যাটেলের কথাগুলি মনে রাখতে হবে।  
‘সবার মিলিত প্রচেষ্টায় আমরা দেশকে উন্নয়নের নতুন শিখরে নিয়ে যেতে সক্ষম হবো, তেমনি  
আমাদের মধ্যে ঐক্যের অভাব ঘটলে নতুন বিপর্যয় আসতে পারে’। আগের দিনের তুলনায়  
আমাদের সম্মিলিত প্রয়াস স্বাধীন ভারতের উন্নয়নকে আরও বেশী ত্বরান্বিত করবে বলে তিনি  
বিশ্বাস করেন। সর্দার প্যাটেলের স্বপ্ন অনুযায়ী ‘নতুন আত্মনির্ভর ভারত’ গড়তে, উন্নয়নের  
গতিকে বাঢ়াতে হলে আমাদের ‘সবকা সাথ সবকা বিকাশ’ মন্ত্রে কাজ করতে হবে। মহৎ  
উদ্দেশ্যে করা ছোট কাজও গুরুত্বপূর্ণ। তিনি উন্নয়ন প্রক্রিয়ায় সকলের অংশগ্রহণের উপর  
গুরুত্ব আরোপ করেন এবং আজ যারা এই কর্মসূচিতে অংশ নিয়েছেন তাদের শুভেচ্ছা জানান।

\*\*\*\*\*